



স্মারক নম্বর : ০৫.৫০.১০৮৫.০০০.১০.০০১.২২.১০৭

তারিখ : ২৬ মাঘ ১৪২৮ ব.  
০৯ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

**সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি-০১/২০২১-২০২২**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের, প্রশাসন-২ শাখার ২১-০৯-২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নম্বর স্মারকে জারিকৃত সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত সর্বশেষ নীতিমালা মোতাবেক শাজাহানপুর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ বাংলা ১৪২৯ সালের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত দরপত্রের সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথক পৃথক ভাবে সীলমোহরযুক্ত খামে হাট-বাজারের নাম উল্লেখপূর্বক দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের শর্ত সম্বলিত সিডিউল নিম্নবর্ণিত ক্যালেন্ডারের উল্লিখিত সময়সূচি মোতাবেক দরপত্র দাখিলের প্রতিটি তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফেরতযোগ্য নির্ধারিত মূল্যে ১) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বগুড়া ২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাজাহানপুর, বগুড়া ৩) সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া এর কার্যালয় ৪) সোনালী ব্যাংক লিমিটেড, বগুড়া ক্যান্টনমেন্ট শাখা ও ৫) শাজাহানপুর থানা, বগুড়া হতে ক্রয় করা যাবে।

দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক ১) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বগুড়া ২) পুলিশ সুপার এর কার্যালয়, বগুড়া ৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাজাহানপুর, বগুড়া ও ৪) সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একই তারিখে বেলা ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

**তফসিলভুক্ত হাট-বাজারের তালিকা**

ক্রমিক	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	সরকারি মূল্য (বিগত ৩ বছরের গড় ইজারা মূল্যের ৬% বৃদ্ধিতে)	দরপত্র সিডিউল মূল্য (অফেরতযোগ্য)	মন্তব্য
১.	আশেকপুর	রানীরহাট	১৯,৮৮,৬৬৬/-	৪,৬০০/-	উল্লেখ্য, দরপত্র দাতাকে দরপত্রের উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বরাবর দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা হাট-বাজারের অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত জামানতের অর্থ ইজারা গ্রহীতার বরাবরে ফেরত প্রদান করা হবে। সফল দরদাতাকে দরপত্র গৃহীত হওয়ার সংবাদ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের অবশিষ্ট ৭৫% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারমূলে এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর (আয়কর পরিপত্র ২০২১-২০২২ অনুসারে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 53C এর সংশোধন অনুযায়ী) হিসেবে ট্রেজারি চালানমূলে সংশ্লিষ্ট খাতে একই তারিখে জমা প্রদানপূর্বক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও চালানোর মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্রের সাথে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারমূলে দাখিলকৃত উদ্ধৃত দরের ৩০% অর্থ বাজেয়াপ্ত করাসহ দরপত্র বাতিল করা হবে এবং পুনরায় উক্ত হাট-বাজারটির ইজারা বিজ্ঞপ্তি জারি করা হবে। দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলী প্রতিপালনে সক্ষম ব্যক্তিদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো। দরপত্র সংক্রান্ত যাবতীয় শর্ত ও তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে এবং নিজস্ব ওয়েব সাইট shajahanpur.bogra.gov.bd-এ দেখা যাবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
২.	-ঐ-	সাবরুল	৫,১২,২৩২/-	১,৮০০/-	
৩.	মাঝিড়া	মাঝিড়া	১৩,৩৪,১৮৮/-	৩,৪০০/-	
৪.	-ঐ-	ডোমনপুকুর	৭,৯৯,৫৯৮/-	২,২০০/-	
৫.	আড়িয়া	নয়মাইল	২১,২৮,১২৮/-	৫,০০০/-	
৬.	-ঐ-	জামুনা	৭,১৯,৬২৩/-	২,২০০/-	
৭.	-ঐ-	আড়িয়া	১৬,০৬,২৫৫/-	৪,০০০/-	
৮.	খরনা	উমরদিঘী	২৮,১৫,৭১৫/-	৬,৪০০/-	
৯.	-ঐ-	টেংগামাগুর	১৪,৩৭,০৪২/-	৩,৬০০/-	
১০.	-ঐ-	খরনা	৭,৪৪,২৯৮/-	২,২০০/-	
১১.	-ঐ-	বীরগ্রাম	৫,৭২,৯৩০/-	১,৮০০/-	
১২.	-ঐ-	দাড়িগাছা	৫,৯৫,৩৬৮/-	১,৮০০/-	
১৩.	গোহাইল	জামাদারপুকুর	৪৬,৯১,০৩০/-	১০,০০০/-	
১৪.	-ঐ-	আতাইল	১৬,১২,০৮৫/-	৪,০০০/-	
১৫.	-ঐ-	গোহাইল	১৪,৯৯,৩৭০/-	৩,৬০০/-	
১৬.	-ঐ-	খাদাশ	৯,৩০,৫২৩/-	২,৬০০/-	
১৭.	-ঐ-	রুপিহার	৫,৭৬,২৮৮/-	১,৮০০/-	
১৮.	খোঁটাপাড়া	দুবলাগাড়ি	৩৪,৭৬,০৯৫/-	৭,৬০০/-	
১৯.	-ঐ-	নারিল্যা	-	-	
২০.	চোপিনগর	শাহনগর	৩,০৪,৫৭৫/-	১,৪০০/-	
২১.	-ঐ-	কামারপাড়া	১০,৬২,১২৩/-	২,৮০০/-	
২২.	আমরুল	নগরহাট	৫৪,০৪৪/-	৫০০/-	

**ক্যালেন্ডার**

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র গ্রহণের তারিখ	দরপত্র গ্রহণের সময়		দরপত্র খোলার সময়	মন্তব্য
			হতে	পর্যন্ত		
১ম পর্যায়	২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.	২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.	সকাল ১০.০০ টা	দুপুর ০২.০০ টা	বিকেল ০৩.০০ টা	উল্লেখ্য, ক্যালেন্ডারের যে কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাট-বাজারের অনুকূলে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজারের দরপত্র ইজারা বিজ্ঞপ্তি হতে বাদ হয়েছে মর্মে গণ্য হবে।
২য় পর্যায়	১৪ মার্চ ২০২২ খ্রি.	১৫ মার্চ ২০২২ খ্রি.	সকাল ১০.০০ টা	দুপুর ০২.০০ টা	বিকেল ০৩.০০ টা	
৩য় পর্যায়	২২ মার্চ ২০২২ খ্রি.	২৩ মার্চ ২০২২ খ্রি.	সকাল ১০.০০ টা	দুপুর ০২.০০ টা	বিকেল ০৩.০০ টা	
৪র্থ পর্যায়	৩০ মার্চ ২০২২ খ্রি.	৩১ মার্চ ২০২২ খ্রি.	সকাল ১০.০০টা	বেলা ০২.০০ টা	বিকেল ০৩.৩০টা	

(স্বাক্ষরিত/-)

০৯/০২/২০২২

আসিফ আহমেদ

উপজেলা নির্বাহী অফিসার

শাজাহানপুর, বগুড়া

ফোন : ০২৫৮৮৮৭১১১

মোবাইল ন. : ০১৭৩৩-৩৩৫৪২৩

ই-মেইল : unoshajahanpur@mopa.gov.bd



অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। জেলা প্রশাসক, বগুড়া
- ২। পুলিশ সুপার, বগুড়া। তাঁর কার্যালয়ে দরপত্র দাখিলের নির্ধারিত তারিখসমূহে দরপত্র বাস্তব রাখার জন্য সদয় অনুরোধ করা হলো।
- ৩। প্রধান নির্বাহী, জেলা পরিষদ, বগুড়া
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া। ----- (-----) টি দরপত্র সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ ও অবিক্রিত সিডিউল ফেরত প্রদানসহ ক্যালেন্ডারে উল্লিখিত সময়সূচি অনুযায়ী দরপত্র গ্রহণের দিন দরপত্র বাস্তব স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাসিস্ট্রেট, বগুড়া
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), ....., বগুড়া
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ....., বগুড়া
- ৮। সহকারী কমিশনার (ভূমি), শাজাহানপুর, বগুড়া। তাঁকে দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তিটি বহল প্রচারসহ ..... ( ) টি দরপত্র সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ ও অবিক্রিত সিডিউল ফেরত প্রদানসহ ক্যালেন্ডারে উল্লিখিত সময়সূচি অনুযায়ী দরপত্র গ্রহণের দিন দরপত্র বাস্তব স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।
- ৯। অফিসার ইনচার্জ, শাজাহানপুর থানা, বগুড়া। ..... ( ) টি দরপত্র বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ ও অবিক্রিত সিডিউল ক্যালেন্ডারে উল্লিখিত সময়সূচি অনুযায়ী সিডিউল বিক্রয় শেষে একই তারিখে ফেরত প্রাদানের জন্য অনুরোধ করা হলো।
- ১০। উপজেলা..... অফিসার, শাজাহানপুর, বগুড়া। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে কুলিয়ে বহল প্রচার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, বগুড়া ক্যান্টনমেন্ট শাখা, বগুড়া। ..... ( ) টি দরপত্র বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিক্রিত সিডিউলের অর্থ ও অবিক্রিত সিডিউল ক্যালেন্ডারে উল্লিখিত সময়সূচি অনুযায়ী সিডিউল বিক্রয় শেষে একই তারিখে ফেরত প্রাদানের জন্য অনুরোধ করা হলো।
- ১২। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকল), শাজাহানপুর, বগুড়া। বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রাধীন হাট বাজারসমূহে ঢোল শহরত/মাইকিং এর মাধ্যমে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..... ইউনিয়ন ভূমি অফিস (সকল), শাজাহানপুর, বগুড়া। তাকে বিজ্ঞপ্তিটি হাট-বাজারে ঢোল শহরত/মাইকিং এর মাধ্যমে বহল প্রচারঅন্তে প্রচারের প্রতিবেদন নির্দিষ্ট তারিখের পূর্বেই এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। বিজ্ঞাপন ম্যানেজার, ...../....., প্রেরিত বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে আগামী ..... তারিখে ০১(এক) দিন প্রকাশ অন্তে পত্রিকার কপিসহ বিল দাখিলের জন্য অনুরোধ করা হলো।
- ১৫। ইজারাদার, ..... হাট-বাজার, শাজাহানপুর, বগুড়া। তাকে ৩০ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারির নিকট ..... হাট-বাজারটির দখল হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।
- ১৬। নোটিশ বোর্ড
- ১৭। অফিস কপি



আসিফ আহমেদ  
উপজেলা নির্বাহী অফিসার  
শাজাহানপুর, বগুড়া